



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং-জাঃবিঃ/ডিন(স্নাতকপূর্ব)/২০১৮/ ০২৭২

তারিখঃ ০২/০৭/২০১৮

প্রেরক : প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়

প্রাপক : অধ্যক্ষ
অধিভুক্ত অনার্স পাঠদানকারী সংশ্লিষ্ট কলেজ সমূহ
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

বিষয় : ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্বৈত ভর্তি বাতিল করে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ প্রসঙ্গে

জনাব

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে জানাচ্ছি যে, ২০১৭-১৮ শিক্ষাবর্ষে আপনার কলেজের দ্বৈত ভর্তিকৃত কিছু সংখ্যক শিক্ষার্থী একটি বিষয়ে ভর্তি বাতিলের জন্য ইতোপূর্বে নির্ধারিত ফিসহ কলেজ কর্তৃপক্ষের নিকট আবেদন জমা দিয়েছে মর্মে আমরা অবগত হয়েছি কিন্তু তার/তাদের সে অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ে সোনালী সেবার মাধ্যমে যথা সময়ে জমা দেয়া হয়নি। এ সকল শিক্ষার্থীদের আবেদনপত্র ও পে-স্লিপ (ভর্তি বাতিলের ফি জমা দেয়ার রশিদ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে যথাসময়ে প্রেরণ না করার ফলে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতা সৃষ্টি হয়েছে। এর ফলে শিক্ষার্থীরা ভোগান্তির শিকার হয়। যার দায়-দায়িত্ব আপনার প্রতিষ্ঠান কিছুতেই এড়াতে পারে না। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানকে থোক ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা এবং শিক্ষার্থীদের শিক্ষাজীবনের কথা বিবেচনা করে শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি বাবদ আপনার প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ৭০০/- (সাতশত) টাকা হারে সমুদয় টাকা আগামী ১১/০৭/১৮ তারিখের মধ্যে সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জমা দিয়ে শিক্ষার্থীদের কাজিত ভর্তির রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহের জন্য আপনাকে অনুরোধ করা হলো। জরিমানার অর্থ সংশ্লিষ্ট কলেজকেই বহন করতে হবে, কোনক্রমেই শিক্ষার্থীর নিকট থেকে আদায় করা যাবে না। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি যাতে ভবিষ্যতে না ঘটে, সে ব্যাপারে সর্বপ্রকার সতর্কতা অবলম্বন করবেন।

এ ছাড়া, আপনার প্রতিষ্ঠানের যে সকল শিক্ষার্থী পারিবারিক অস্বচ্ছলতার কারণে দ্বৈতভর্তি বাতিলের নির্ধারিত ফি অদ্যাবধি জমা দিতে পারেনি, মানবিক দিক বিবেচনায় তাদের ক্ষেত্রে শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা হারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকূলে সোনালী সেবায় জমা দিয়ে কাজিত ভর্তির রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করা যাবে মর্মে জাতীয় বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ বিষয়ে শিক্ষার্থীদের অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়